

মোহাম্মদ আফরাজুর রহমান; সিনিয়র তথ্য অফিসার;
৩০ ডিসেম্বর, ঢাকা

দেশের দরিদ্র মানুষের জ্বালানি চাহিদা পূরণ এবং তাদের কাছে জ্বালানি সুবিধা পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার একটি কৌশল পত্র প্রণয়নের চিন্তাভাবনা করছে। সরকারের স্ট্রাটেজিক ভিশন ২০২১-এর সাথে সামঞ্জস্য রেখে এ কৌশল পত্র প্রণয়ন করা হবে।

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম আজ ঢাকায় নায়েম অডিটরিয়ামে “পুওর পিপলস এনার্জি আউটলুক ২০১০” শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। ‘প্র্যাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

উপদেষ্টা বলেন, দরিদ্র ও পশ্চাদপদ জনগোষ্ঠীর ভাগ্যের পরিবর্তন করা বর্তমান সরকারের কেন্দ্রীয় ভাবনার অন্যতম। এ জন্য জ্বালানি সুবিধা সকলের কাছে পৌঁছাতে হবে। ডিজিটাল বাংলাদেশ গড়া এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিনত করার লক্ষ্য বাস্তবায়নের জন্য ২০২১ সালের মধ্যে সারাদেশকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্র্যাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর বীণা খালেক ও প্র্যাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশের ইনফ্রাস্ট্রাকচার সার্ভিসেস প্রোগ্রামের টিম লিডার মো. ইকবাল করিম বক্তৃতা করেন।



প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম কর্তৃক ‘পুওর পিপলস এনার্জি আউটলুক ২০১০’ শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন